

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং ৪৫.০০.০০০০.১৫৯.০৬.০০৪.১৯-২৪

তারিখ: ১৫ জুলাই, ২০১৯
৩১ আষাঢ়, ১৪২৬

বিষয়: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের ঝুঁকিপূর্ণ, মেরামতযোগ্য, ভার্টিক্যাল সম্প্রসারণযোগ্য ও চালুর অপেক্ষায় নির্মিত ভবনের তালিকা প্রণয়ন

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের পত্র নং ৪৫.০০.০০০০.১৬৫.১৮.০২৬.১৯-২৮৭, তারিখ: ৩০/০৬/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে সরকার সারাদেশে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন ঝুঁকিপূর্ণ সরকারি স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের একটি তথ্য ভিত্তিক তালিকা তৈরীর সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ লক্ষ্যে স্বাস্থ্য সেবা বিভাগের অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি) এর নেতৃত্বে ০৫ সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ০১ মাসের মধ্যে তালিকাসহ প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত তালিকার উপর ভিত্তি করে প্রয়োজনীয় উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে।

২। কাজেই সরকারি সিদ্ধান্ত অনুযায়ী স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও গণপূর্ত অধিদপ্তরের সহযোগীতায় সারাদেশের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালের ঝুঁকিপূর্ণ ও মেরামতযোগ্য ভবনের নির্ভরযোগ্য ও বাস্তবভিত্তিক একটি তালিকা প্ৰস্তুতে সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনায় রেখে বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ে সংযুক্ত ছক অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রণয়নে তথ্য সংগ্রহের জন্য অনুরোধ করা হলোঃ

- ক. সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের ঝুঁকিপূর্ণ, মেরামতযোগ্য, ভার্টিক্যাল সম্প্রসারণযোগ্য ভবন সরেজমিন পরিদর্শন করে অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রণয়ন;
- খ. ভবন/প্রতিষ্ঠানের ঝুঁকি বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তরের প্রত্যয়নপত্র তালিকার সাথে দাখিল;
- গ. ইতোমধ্যে নির্মিত কিন্তু হস্তান্তরের অপেক্ষায় থাকা স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতাল সমূহ চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদির প্রস্তাব;

৩। এমতাবস্থায়, তাঁর বিভাগ ও জেলার অধীন সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান/হাসপাতালের তথ্যাদি (ঝুঁকিপূর্ণ ভবন, মেরামতযোগ্য ভবন, ভার্টিক্যাল সম্প্রসারণযোগ্য ভবন ও চালুর অপেক্ষায় নির্মিত ভবন) সংযুক্ত ছক অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে আগামী ৩১ জুলাই ২০১৯ তারিখের মধ্যে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/গণপূর্ত অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিভাগীয় পরিচালক বিভাগীয় শহরের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান ও হাসপাতালের অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রেরণ নিশ্চিত করবেন।

৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: ছক ০৪ (চার) পাতা।

(মো: রাফিকুল ইসলাম)

সহকারী সচিব ও সদস্য সচিব

ফোন: ০১৫৫২-৫৬৩২১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪. পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল.....।
৫. পরিচালক (স্বাস্থ্য).....।
৬. সিভিল সার্জন.....।
৭. তত্ত্বাবধায়ক.....।
৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

ঝুঁকিপূর্ণ ভবন (ফরম-১)

নং	ভবনের সংক্ষিপ্ত বিবরণ (নাম, আয়তন, তলা ইত্যাদি)	ভবনটি ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়েছে কিনা?	ভবনটি ঝুঁকিপূর্ণ হলে বিদ্যমান স্থানে পুন: নির্মাণ করা যাবে কিনা?	ভবনটি ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত হয়ে থাকলে সেবা প্রদানে স্থান পরিবর্তন করলে নতুন জায়গার সংস্থান আছে কিনা?	ঝুঁকিপূর্ণ ভবনের স্থলে প্রস্তাবিত নতুন ভবনের তথ্যাদি (আয়তন, তলা ও সম্ভাব্য ব্যয়)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

11/

মেরামতযোগ্য ভবন (ফরম-২)

নং	ভবনের সংক্ষিপ্ত বিবরণ	ভবনটির মেরামতের জন্য প্রয়োজনীয় প্রস্তাবনা (রেট্রোফিটিং সহ)	মেরামতের প্রস্তাবনা অনুযায়ী সম্ভাব্য ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫

১

ভাটিক্যালি সম্প্রসারণযোগ্য ভবন (ফরম-৩)

নং	ভবনের বিবরণ	ভবনটির নির্মাণ সাল, ভিত্ত ও তলার সংখ্যা	ভবনটি কত তলা ভাটিক্যালি সম্প্রসারণ করা সম্ভব/প্রয়োজন	সম্প্রসারণ করা হলে বর্ধিত আসন/বেড সংখ্যার পরিমাণ	সম্ভাব্য ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

চালুর অপেক্ষায় নির্মিত নতুন ভবনের তথ্যাদি (ফরম-৪)

নং	প্রকল্পের নাম	ভবনের সংক্ষিপ্ত বিবরণ	অবকাঠামোটি নির্মাণ/হস্তান্তর তারিখ	হস্তান্তর না হয়ে থাকলে তার কারণ	চালু ও ব্যবহার উপযোগী করতে প্রয়োজনীয় জনবল ও সরঞ্জামাদির তালিকা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭

W